# বরিশাল বিশ্ববিদ্যালয়

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- বিইউ/রেজি/জনবল/নিয়োগ বিজ্ঞপ্তি (শিক্ষক)/৪২৭/১২৩৪৪

তারিখ: ০২ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
১৭ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র.নং | পদ ও বিভাগ/ দপ্তর | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | সহযোগী অধ্যাপক: ০২টি স্থায়ী পদ<br>গ্রেড-৪, জাতীয় বেতন স্কেল-২০১৫<br>ম্যানেজমেন্ট স্টাডিজ-(০১টি), একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস-(০১টি), | ক) সহযোগী অধ্যাপক পদে আবেদনের জন্য স্নাতকোত্তর ডিগ্রিধারীদের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক পদে ০৫ (পাঁচ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ১০(দশ) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে এবং স্বীকৃত মানের জার্নালে সহকারী অধ্যাপক হিসেবে ০৩(তিন)টি সহ মোট ০৫(পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে।<br>খ) এমফিল অথবা সমমান ডিগ্রিধারীদের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক পদে ০৪ (চার) বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ০৮(আট) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে এবং স্বীকৃত মানের জার্নালে সহকারী অধ্যাপক হিসেবে ০৩(তিন)টি সহ মোট ০৫(পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে।<br>গ) পিএইচডি অথবা সমমান ডিগ্রিধারীদের ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক পদে ০৩(তিন) বছরের শিক্ষকতার অভিজ্ঞতাসহ মোট ০৭(সাত) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে এবং স্বীকৃত মানের জার্নালে সহকারী অধ্যাপক হিসেবে ০৩(তিন)টি সহ মোট ০৫(পাঁচ)টি প্রকাশনা থাকতে হবে।<br>ঘ) শিক্ষক হিসেবে অতিরিক্ত অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্রছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় অবদানও যোগ্যতা হিসেবে গণ্য করা হবে।<br>ঙ) শিক্ষাগত যোগ্যতার কোনো পর্যায়ে ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>চ) বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি স্মারক নং: বিইউ/রেজি/জনবল/নিয়োগ বিজ্ঞপ্তি(শিক্ষক)/ ৪২৭/১২১৯০; তারিখ: ১০/০৪/২০২২ এর মাধ্যমে প্রকাশিত বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই এবং এক্ষেত্রে তারা চাইলে তাদের অভিজ্ঞতা ও যোগ্যতার নতুন অর্জন রেজিস্ট্রার বরাবর আবেদনের মাধ্যমে যুক্ত করতে পারবেন। |
| ০২ | প্রভাষক: ০৬টি স্থায়ী পদ<br>গ্রেড-৯, জাতীয় বেতন স্কেল-২০১৫<br>মার্কেটিং বিভাগ (০১টি), কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ (০২টি), কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগ (০৩টি) | ক) প্রভাষক পদের জন্য প্রার্থীর এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে জিপিএ পদ্ধতি প্রবর্তনের পূর্বের ক্ষেত্রে প্রথম বিভাগ থাকতে হবে। জিপিএ পদ্ধতি প্রবর্তনের পরের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় উভয়টিতে জিপিএ ৪.০০ (স্কেল: ৫.০০) থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় কমপক্ষে যে কোন ০১(এক) টিতে প্রথম শ্রেণি থাকতে হবে এবং শিক্ষাজীবনের কোনো ক্ষেত্রে ৩য় শ্রেণি গ্রহণযোগ্য নয়। সিজিপিএ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় উভয়টিতে কমপক্ষে ৩.৫০ (স্কেল: ৪.০০) থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচডি ডিগ্রি থাকলে অন্যান্য শিক্ষাগত যোগ্যতার যে কোন একটি শর্ত শিথিল করা যেতে পারে।<br>খ) কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের ক্ষেত্রে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পানি সম্পদ প্রকৌশল/ পুরকৌশল/ মেরিন প্রকৌশল/ডিজাস্টার সায়েন্স এন্ড ক্লাইমেট রিজিলিয়েন্স বিষয়ে ৪ বছর মেয়াদি ইঞ্জিনিয়ারিং/স্নাতক (সম্মান) ডিগ্রিসহ উক্ত বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা উপকূলবিদ্যা বা দুর্যোগ বিজ্ঞান/ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।<br>গ) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় শ্রেণিতে ন্যূনতম সিজিপিএ ৩.৫০(স্কেল-৪.০০) প্রাপ্ত প্রার্থী পাওয়া না গেলে এর যে কোনো একটিতে সিজিপিএ ৩.৪৫ (স্কেল-৪.০০) পর্যন্ত শিথিলযোগ্য হবে। |
| ০৩ | মেডিকেল অফিসার-(মহিলা): ১ টি স্থায়ী পদ<br>মেডিকেল সেন্টার<br>গ্রেড-৯, জাতীয় বেতন স্কেল-২০১৫ | প্রার্থীকে কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয়ের আওতাধীন মেডিকেল কলেজ হতে কমপক্ষে এমবিবিএস উত্তীর্ণ হতে হবে। শিক্ষাজীবনে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ৩.০০ থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা থাকতে হবে। উচ্চতর ডিগ্রিধারী বা অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে উল্লিখিত যোগ্যতা শিথিল করা যেতে পারে। |
| ০৪ | সেকশন অফিসার: ১ টি স্থায়ী পদ<br>রেজিস্ট্রারের কার্যালয়<br>গ্রেড-৯, জাতীয় বেতন স্কেল- ২০১৫ | প্রার্থীকে কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ৩.০০ থাকতে হবে। প্রার্থীদের কম্পিউটারে এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট ব্রাউজিং ইত্যাদি কাজের অভিজ্ঞতা থাকতে হবে। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ০৫ | প্রটোকল ও লিয়াজোঁ অফিসার: ১ টি স্থায়ী পদ<br>উপাচার্যের কার্যালয়<br>গ্রেড-৯, জাতীয় বেতন স্কেল- ২০১৫ | প্রার্থীকে কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনে সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ৩.০০ থাকতে হবে। প্রার্থীদের কম্পিউটারে এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট ব্রাউজিং সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বিভাগীয় প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |

**শর্তাবলী**

| | |
|---|---|
| (ক) | আবেদনকারীকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম www.bu.ac.bd থেকে ডাউনলোড করে অথবা বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল এর ডিসপ্যাচ শাখা থেকে ফরম প্রতি ৫০/-(পঞ্চাশ) টাকা দিয়ে ফরম সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্রসহ ০১নং পদের জন্য ১১ (এগার) সেট ও ২-৫নং পদের জন্য ০৮(আট) সেট, রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪ বরাবর জমা দিতে হবে। আবেদনের সময়সীমা: ০১ নং পদের জন্য ০৬/০৯/২০২২ ও ০২ থেকে ০৫ নং পদের জন্য ৩০/০৮/২০২২ । |
| (খ) | প্রার্থীকে আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে- (১) শিক্ষাগত যোগ্যতার সনদ ও নম্বরপত্র এবং প্রশিক্ষণ ও অভিজ্ঞতা (যদি থাকে) সংক্রান্ত সনদের ফটোকপি; (২) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি ও প্রতি সেটের সাথে এক কপি রঙিন ছবি; (৩) অনলাইনে সম্পন্নকৃত জন্ম সনদপত্র/ জাতীয় পরিচয়পত্রের ফটোকপি। |
| (গ) | চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। |
| (ঘ) | ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না। |
| (ঙ) | আবেদনকালে প্রার্থীর আবেদনপত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার যে বর্ণনা দেয়া হবে চাকুরিতে যোগদানের পর পূর্বে অর্জিত এর অতিরিক্ত কোন যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ গ্রহণযোগ্য হবে না। |
| (চ) | দরখাস্তের সাথে ট্রেজারার, বরিশাল বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেডের যে কোনো শাখা থেকে গ্রেড-০৪ পদের জন্য ১৫০০/- টাকা এবং গ্রেড-৯ পদের জন্য ১২০০/- টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে। |
| (ছ) | প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম খামের উপরে স্পষ্ট অক্ষরে লিখতে হবে। |
| (জ) | বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে। একই সাথে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। |
| (ঝ) | ০১ থেকে ০৩ নং পদ ব্যতীত সকল পদের জন্য আবেদনকারীর বয়সসীমা ৩০/০৮/২০২২ তারিখ পর্যন্ত সর্বাধিক ৩০ বছর। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে এই শর্ত শিথিলযোগ্য। |
| (ঞ) | অভ্যন্তরীণ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

স্বা/-
(প্রফেসর ড. মোঃ মুহসিন উদ্দীন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
বরিশাল বিশ্ববিদ্যালয়

C:\Users\Hp\Desktop\Advertisement 04.01.2022.docx